



**বাংলাদেশ ব্যাংক**  
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)  
**প্রধান কার্যালয়**  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।

এসডি সার্কুলার পত্র নং-০২/২০২৩

তারিখঃ ৩ ফাল্গুন, ১৪২৯  
১৬ ফেব্রুয়ারি, ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল অনুমোদিত ডিলার ব্যাংক  
এবং তাদের অফসোর ব্যাংকিং ইউনিটসমূহ

প্রিয় মহোদয়,

**প্রত্যক্ষ বৈদেশিক বিনিয়োগ (FDI) সংক্রান্ত তথ্য নতুন সময়ানুযায়ী দাখিলকরণ প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে এসটিডি সার্কুলার নং -০৩/২০১৪, তারিখ : মে ১২, ২০১৪ এবং এসটিডি সার্কুলার লেটার নং -০৩, তারিখঃ অক্টোবর ১৫, ২০১৫ এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে

ক) সকল FDI গ্রহণকারী গ্রাহক প্রতিষ্ঠান (১০০% বিদেশী ও যৌথ মালিকানাধীন) কর্তৃক যথাযথভাবে পূরণকৃত FDI রিপোর্টিং ফরম (Form FI-1) সংশ্লিষ্ট সহায়ক দলিলাদি এবং সকল Outward FDI প্রেরণকারী প্রতিষ্ঠান কর্তৃক যথাযথভাবে পূরণকৃত FDI রিপোর্টিং ফরম (Form FI-2) সংশ্লিষ্ট সহায়ক দলিলাদি (রিপোর্টিং সংশ্লিষ্ট ত্রৈমাসিকের নিরীক্ষিত/অনিরীক্ষিত আর্থিক বিবরণী, অন্তর্মুখী ও বহিমুখী রেমিটেশের দলিলাদি ইত্যাদি) উপরোক্ত সার্কুলারে উল্লেখিত সময়সীমা অনুযায়ী প্রতি ত্রৈমাসিকের পরবর্তী ০১ (এক) মাসের পরিবর্তে ২০ (বিশ) দিনের মধ্যে তাদের সংশ্লিষ্ট অনুমোদিত ডিলার ব্যাংকে (রিপোর্টিং ব্যাংক) দাখিল করতে হবে এবং

খ) সকল FDI গ্রহণকারী গ্রাহক প্রতিষ্ঠানের দাখিলকৃত FDI রিপোর্টিং ফরম (Form FI-1) এবং সকল Outward FDI প্রেরণকারী প্রতিষ্ঠানের দাখিলকৃত FDI রিপোর্টিং ফরম (Form FI-2) অনুমোদিত ডিলার ব্যাংক (রিপোর্টিং ব্যাংক) কর্তৃক যাচাই বাছাই শেষে অন্তর্মুখী ও বহিমুখী প্রত্যক্ষ বৈদেশিক বিনিয়োগ (Inward and Outward FDI) এর তথ্য সংশ্লিষ্ট Rationalized Input Template (RIT) -এ যথাযথভাবে পূরণপূর্বক তা Web Portal এর মাধ্যমে উপরোক্ত সার্কুলারে উল্লেখিত সময়সীমা অনুযায়ী প্রতি ত্রৈমাসিকের পরবর্তী ০১ (এক) মাস ১৫ (পনের) দিনের পরিবর্তে ০১ (এক) মাসের মধ্যে FDI রিপোর্টিং ফরম এর hard copy সহ বাংলাদেশ ব্যাংকের পরিসংখ্যান বিভাগের এফআইইডি ম্যানেজমেন্ট সেল-এ দাখিল করতে হবে।

উপরোল্লিখিত সার্কুলারদ্বয়ের অপরাপর নির্দেশনা অপরিবর্তিত থাকবে এবং এ নির্দেশনা পরবর্তী ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২৩) থেকে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন এবং আপনাদের সংশ্লিষ্ট সকল FDI গ্রহণকারী/প্রেরণকারী গ্রাহক প্রতিষ্ঠানকে বিষয়টি অবহিত করবেন।

আপনার বিশ্বস্ত,

(মুনাল কাস্তি সরকার)

পরিচালক (পরিসংখ্যান)

ফোন নং : ৯৫৩০১৩৪